

## **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩৮

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২৮ : কোন ব্যক্তি তায়াম্মম করে সালাত আদায় করার পর ওয়াক্ত থাকতেই পানি পেয়ে গেলো

باب فِي الْمُتَيَمِّمِ يَجِدُ الْمَاءَ بَعْدَ مَا يُصلِّي فِي الْوَقْتِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ الْمُسَيَّبِيُّ، أَخْبَرَنَا عَبْدُ اللهِ بْنُ نَافِعٍ، عَنِ اللَّيْتِ بْنِ سَعْدِ، عَنْ بَكْرِ بْنِ سَوَادَة، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: خَرَجَ رَجُلَانِ فِي سَفَرٍ فَحَضَرَتِ الصَّلَاةُ وَلَيْسَ مَعَهُمَا مَاءُ فَتَيَمَّمَا صَعِيدًا طَيِّبًا فَصَلَّيَا ثُمَّ وَجَدَا الْمَاءَ فِي الْوَقْتِ فَأَعَادَ أَحَدُهُمَا الصَّلَاةَ وَالْوُضُوءَ وَلَمْ يُعِدِ الآخَرُ ثُمَّ أَتَيَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَذَكَرَا ذَلِكَ لَهُ، فَقَالَ لِلَّذِي لَمْ يُعِدْ " أَصَبْتَ السُّنَّةَ وَأَجْزَأَتْكَ صَلَاتُكَ " . وَقَالَ لِلَّذِي تَوَضَّا وَأَعَادَ " لَكَ الأَجْرُ مَرَّتَيْن " .

- صحیح

বাংলা

৩৩৮। আবৃ সাঈদ আল খুদরী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, দু' ব্যক্তি সফরে বের হলো। পথিমধ্যে সালাতের ওয়াক্ত হয়ে গেলো কিন্তু তাদের সাথে পানি না থাকায় তারা পাক মাটি দ্বারা তায়াম্মুম করে সালাত আদায় করল। অতঃপর তারা সালাতের ওয়াক্ত অবশিষ্ট থাকাবস্থায় পানি পেল। তখন একজন অযু করে পুনরায় সালাত আদায় করল। আর অপরজন পুনরায় সালাত আদায় করল না। অতঃপর উভয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বিষয়টি অবহিত করল। যে ব্যক্তি পুনরায় সালাত আদায় করেনি, তাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি সুন্নাতের উপর আমল করেছ এবং সেটাই (প্রথম সালাতই) তোমার জন্য যথেষ্ট। আর যে ব্যক্তি অযু করে পুনরায় সালাত আদায় করেছে, তাকে বললেনঃ তুমি দ্বিগুণ সাওয়াব পেয়েছ।[1]

সহীহ।

قَالَ أَبُّو دَاوُدَ : وَغَيْرُ ابْنِ نَافِعٍ يَرُوبِهِ عَنِ اللَّيْثِ عَنْ عَمِيرَةَ بْنِ أَبِي نَاجِيَةَ عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ



عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ أَبُو دَاوُدَ : وَذِكْرُ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ فِي هَذَا الْحَدِيثِ لَيْسَ بِمَحْفُوظٍ وَهُوَ مُرْسَلٌ .

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, হাদীসটি 'আত্বা ইবনু ইয়াসার হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে বর্ণিত আছে। ইমাম আবূ দাউদ (রহঃ) আরো বলেন, এ হাদীসে আবূ সাঈদ (রাঃ)-এর নাম উল্লেখ করা সঠিক নয়। মূলত এটি মুরসাল হাদীস।

## **English**

Abu Sa'id al-Khudri said:

Two persons set out on a journey. Meanwhile the time of prayer came and they had no water. They performed tayammum with clean earth and prayed. Later on they found water within the time of the prayer. One of them repeated the prayer and ablution but the other did not repeat. Then they came to the Messenger of Allah (\*\*) and related the matter to him. Addressing himself to the one who did not repeat, he said: You followed the sunnah (model behavior of the Prophet) and your (first) prayer was enough for you. He said to the one who performed ablution and repeated: For you there is the double reward.

Abu Dawud said: Besides Ibn Nafi' this is transmitted by al-Laith from 'Umairah b. Abi Najiyyah from Bakr b. Sawadah on the authority of 'Ata b. Yasar from the Prophet (ﷺ).

Abu Dawud said: The mention of (the name of the Companion) Abu Sa'id in this tradition is not guarded. This is a mural tradition (i.e. the Successor 'Ata b. Yasar directly narrates it from the Prophet, leaving the name of the Companion in the chain.)

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ৪৩১), দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ তায়াম্মুম, হাঃ ৭৪৪)।

## হাদিসের শিক্ষা

- \* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- 🕽 । প্রকৃত ইসলাম হলো সুখদায়ক এবং উদারপন্থার ধর্ম। তাই এই ধর্মে কোনো প্রকারের জটিলতা নেই। সুতরাং



যখন কোনো জটিলতা দেখা দিবে, তখনই মহান আল্লাহর পক্ষ থেকে সহজ বিষয় পাওয়া যাবে, যাতে মহান আল্লাহর ইবাদত উপাসনার সমস্ত বিষয় সহজ হয়ে যায়। আর মুসলিম ব্যক্তি আনন্দের সহিত সম্ভষ্টচিত্তে ইবাদত উপাসনার কাজ সম্পাদন করতে পারে।

২। এই হাদীসটির দ্বারা এটা প্রমাণিত হয় যে, যে ব্যক্তি নামাজের প্রথম সময়ে পানি না পাওয়ার কারণে পবিত্র মাটির দ্বারা তায়াম্মুম করে নামাজ পড়বে। অতঃপর নামাজ পড়ে নেওয়ার পর যদি সে নামাজের সময়ের মধ্যেই পানি প্রাপ্ত হয়, তাহলে ওজু করে পুনরায় নামাজ পড়া তার প্রতি অপরিহার্য বিষয় নয়। তবে প্রথম সময়ে পানি না পাওয়ার কারণে পবিত্র মাটির দ্বারা তায়াম্মুম করে নামাজ পড়ার অবস্থায় যদি সে পানি প্রাপ্ত হয়, তাহলে সেই পানির দ্বারা ওজু করেই নামাজ পড়ে নিবে। এটাই তার প্রতি অপরিহার্য বিষয়। যেহেতু মহান আল্লাহ পবিত্র কুরআনের মধ্যে বলেছেন:

(فَلَمْ تَجِدُواْ مَاء فَتَيَمَّمُواْ صَعِيداً طَيِّباً)، (سورة المائدة، جزء من الآية 6).

ভাবার্থের অনুবাদ: "অতঃপর তোমরা যদি পানি না পাও, তাহলে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম করে নিবে অর্থাৎ, স্বীয় মুখমণ্ডল ও হস্তদ্বয় মাটি দ্বারা মুছে নিবে"। (সূরা আল মায়িদা, আয়াত নং ৬ এর অংশবিশেষ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন